

Special ASEAN-India Foreign Ministers' Meeting

June 09, 2022

বিশেষ আসিয়ান-ভারত বিদেশমন্ত্রীদের বৈঠক

জুন 09, 2022

আসিয়ানের সাথে আমাদের সংলাপ সম্পর্কের 30তম বার্ষিকী এবং কৌশলগত অংশীদারিত্বের 10 তম বার্ষিকী উপলক্ষে আগামী 16-17ই জুন 2022 তারিখে ভারত বিশেষ আসিয়ান-ভারত বিদেশমন্ত্রীদের বৈঠকের (এসএআইএফএমএম) আয়োজন করবে। বৈঠকের যুগ্ম সভাপতিত্ব করবেন বিদেশমন্ত্রী ডঃ এস জয়শংকর এবং সিঙ্গাপুর প্রজাতন্ত্রের বিদেশমন্ত্রী, ভারতের কান্ডি কোঅর্ডিনেটর হিজ এক্সেলেন্সি মিস্টার ভিভিয়ান বালকৃষ্ণন। অন্যান্য আসিয়ান সদস্য দেশগুলির বিদেশ মন্ত্রীগণ এবং আসিয়ানের মহাসচিব এসএআইএফএমএম-এ অংশগ্রহণ করবেন। 2022 সালটিকে আসিয়ান-ভারত বন্ধুত্বের বছর হিসেবে চিহ্নিত করা হয়েছে।

2. আসিয়ান-ভারত সংলাপ সম্পর্কটি শুরু হয়েছিল 1992 সালে বিভাগীয় অংশীদারিত্ব প্রতিষ্ঠার মধ্যমে, যা ডিসেম্বর 1995 -এ পূর্ণ সংলাপ অংশীদারিত্ব, 2002-এ শীর্ষ স্তরীয় অংশীদারিত্ব, এবং 2012-তে কৌশলগত অংশীদারিত্ব পরিণত হয়। আজ, আসিয়ান-ভারত কৌশলগত অংশীদারিত্ব একটি শক্ত ভিতের উপরে দাঁড়িয়ে আছে। ভারতের অ্যাক্ট ইস্ট নীতি এবং আরও প্রসারিত ইন্দো-পেসিফিক দৃষ্টিভঙ্গির কেন্দ্রস্থলে রয়েছে আসিয়ান। এই বহুমুখী অংশীদারিত্বটি অন্তর্ভুক্ত করে অনেক বিভাগীয় সংলাপ প্রক্রিয়া এবং ওয়ার্কিং গ্রুপকে যেগুলি বিভিন্ন স্তরে নিয়মিতভাবে মিলিত হয় এবং বাৎসরিক শীর্ষ সম্মেলন, মন্ত্রিস্তরীয় ও উচ্চপদস্থ আধিকারিকদের বৈঠককে অন্তর্ভুক্ত করে। চালু থাকা ভারত-আসিয়ান সহযোগিতা 2020 সালে গৃহীত 2021-2021 প্ল্যান অব অ্যাকশন দ্বারা পরিচালিত।

3. যেখানে আসিয়ান-ভারত বিদেশমন্ত্রীদের বৈঠক (এফএমএম) আসিয়ান পৌরোহিত্য দ্বারা অনুষ্ঠিত হয়েছিল এবং একটি বাৎসরিক অনুষ্ঠান, সেখানে এসএআইএফএমএম হবে ভারত দ্বারা আয়োজিত নিউ দিল্লিতে প্রথম আসিয়ান - ভারত এফএমএম। এসএআইএফএমএম-এর আগে 15ই জুন 2022 -এ 24তম আসিয়ান- ভারত উচ্চপদস্থ আধিকারিকদের বৈঠক অনুষ্ঠিত হবে।

4. এসএআইএফএমএম-এর সাথে জুরিদার হিসেবে থাকবে আসিয়ান-ভারত ক্যালেন্ডারে একটি প্রধান ট্যাক 1.5 সংলাপ দিল্লি আলোচনার 12 তম সংস্করণ যেটি 16-17ই জুন 2022 -এ ভারত দ্বারা আয়োজিত হবে। 12তম দিল্লি আলোচনার মূলভাব হল ইন্দো-পেসিফিকে সেতু রচনা। 12তম দিল্লি আলোচনার মন্ত্রিস্তরীয় অধিবেশনে অংশগ্রহণ করবেন ইএএম এবং আসিয়ান মন্ত্রীরা।

নিউ দিল্লি

জুন 09, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release